



GOVERNMENT OF WEST BENGAL

From the office of the Principal

GOVERNMENT GENERAL DEGREE COLLEGE, NARAYANGARH

P.O. Bhadrakali :: Dist: Midnapur (West) :: West Bengal :: Pin: 721437, India, Phone: 03222-236512,13, :: Visit:: www.ngc.ac.in

এটি Admission Prospectus এর একটি অংশ যা বোঝার সুবিধার্থে বাংলায় দেওয়া হলো। কোনোমতেই এটি Admission Prospectus এর বিকল্প নয়। আবেদনকারীকে যে কোনো গুরুত্বপূর্ণ তথ্য জানার জন্য বা সবক্ষেত্রে সব সময় Admission Prospectus দেখতে অনুরোধ করা হচ্ছে।

মেরিট পয়েন্টের হিসাব

১. কোনো কোর্সে ভর্তি কঠোরভাবে যোগ্যতার ভিত্তিতে করা হবে এবং অনার্স কোর্সে ভর্তির জন্য মেরিট পয়েন্ট উচ্চমাধ্যমিক/সমতুল্য পরীক্ষায় সেরা পাঁচটি বিষয়ে প্রাপ্ত নম্বরের মোট ১০% নম্বর এবং আবেদনকারী যে বিষয়ে অনার্স নিতে চায় সেই বিষয়ের প্রাপ্ত নম্বর যোগ করে গণনা করা হবে।

মেরিট পয়েন্ট = অনার্স বিষয়ে প্রাপ্ত নম্বর + পাঁচটি সেরা বিষয়ের ১০%

২. জেনারেল কোর্সে ভর্তির জন্য মেধা পয়েন্ট সেরা পাঁচটি বিষয়ে প্রাপ্ত নম্বর যোগ করে গণনা করা হবে।

দ্রষ্টব্য : যদি একাধিক আবেদনকারী একই মেরিট পয়েন্ট পেয়ে থাকেন তবে যিনি আবেদনের বিষয়টিতে উচ্চতর নম্বর পেয়েছেন তাকে অগ্রাধিকার দেওয়া হবে, যদি আরও প্রার্থীদের ক্ষেত্রে একই মেরিট পয়েন্ট এবং একই নম্বর থাকে; যে প্রার্থী প্রথম ভাষা, দ্বিতীয় ভাষায় উচ্চতর নম্বর পেয়েছেন তাদের অগ্রাধিকার দেওয়া হবে। যদি আরও প্রার্থীদের একই মেরিট পয়েন্ট, সংশ্লিষ্ট বিষয়ে একই নম্বর এবং প্রথম ভাষা, দ্বিতীয় ভাষায় একই নম্বর থাকে তবে দশম স্তরের (মাধ্যমিক/আই.সি.এস.ই./সি.বি.এস.ই. ইত্যাদি) পরীক্ষায় উচ্চতর নম্বর প্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। যদি কোনো আবেদনকারী দশম স্তর পরীক্ষায় উচ্চতর নম্বর অর্জনের ভিত্তিতে বিবেচ্য হন, তবে তিনি ক্লাস শুরুর তারিখে ভেরিফিকেশনের সময় উক্ত পরীক্ষার মার্কশীটটির কপি জমা দেবেন ও অরিজিনাল মার্কশীটটি দেখাবেন।

মেরিট পয়েন্ট হিসাবের পদ্ধতি:

ধরুন আবেদনকারী উচ্চমাধ্যমিক পরীক্ষাতে নিম্নলিখিত নম্বরগুলি অর্জন করেছেন।

বাংলা : ৮০, ইংরেজি : ৭০, ইতিহাস : ৭৬, রাষ্ট্রবিজ্ঞান : ৭৫, সংস্কৃত : ৮০, দর্শন : ৯০

(ক) ধরুন প্রার্থী বি.এ.সংস্কৃত (অনার্স) এর জন্য আবেদন করতে চান, তাহলে মেরিট পয়েন্টটি নিম্নরূপে গণনা করা হবে:

অনার্স বিষয় + সেরা ৫ বিষয়ের মোট প্রাপ্তের ১০% = ৮০+৮০.১০=১২০.১০

(৮০+৭৬+৭৫+৮০+৯০)X ১০%=৮০ X ১০%=৮০.১০

(খ) ধরুন প্রার্থী বি.এ. (জেনারেল কোর্স) এর জন্য আবেদন করতে চান, তাহলে মেরিট পয়েন্টটি নিম্নরূপে গণনা করা হবে :

মেরিট পয়েন্ট = সেরা পাঁচটি বিষয়ে প্রাপ্ত নম্বরের সমষ্টি।

৮০+৭৬+৭৫+৮০+৯০=৪০১